

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৬৪

আগরতলা, ৩০ অক্টোবর, ২০২৪

পুরাতন আগরতলা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে প্রাকৃতিক দুর্ঘোণ মোকাবিলায় বিষয়ে মহড়া

জিৱানীয়া মহকুমা প্রাকৃতিক দুর্ঘোণ ব্যবস্থাপনার উদ্যোগে গতকাল পুরাতন আগরতলা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ক্যাম্পাস হলে প্রাকৃতিক দুর্ঘোণ মোকাবিলায় বিষয়ে এক সচেতনতামূলক আলোচনাচক্র ও মহড়া অনুষ্ঠিত হয়। এই আলোচনাচক্রে বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও স্ব-সহায়ক দলের সদস্যগণ অংশ নেন। স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সোমা দেববর্মা। আলোচনাচক্রে প্রাকৃতিক দুর্ঘোণ যেমন বন্যা, ভূমিকম্প, ঘূর্ণিঝড়ের মতো দুর্ঘোণ এলে নিজেকে এবং অন্যদের কিভাবে সুরক্ষিত রাখতে হবে সেসব বিষয় নিয়ে আলোচনা করেন জিৱানীয়া ডিজাস্টার ম্যানেজমেন্টের কো-অর্ডিনেটর রাজীব সাহা, ডিসিএম পার্থ সাহা ও ডিসিএম সুভাষ দেবনাথ। এছাড়া আলোচনাচক্রে আগুন লাগলে ফায়ার সার্ভিস আসার আগে কিভাবে মানুষকে উদ্ধার করতে হবে এবং জল থেকে মানুষকে উদ্ধার করে কিভাবে সিপিআর করতে হবে সেবিষয়েও প্রশিক্ষণ দেওয়া হয়। আলোচনাচক্রের পর ছাত্রছাত্রীদের চতুর্দশ দেবতাবাড়ির জলাশয়ে সাঁতারের প্রশিক্ষণ দেওয়া হয়।

\*\*\*\*\*